কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

প্রাথমিক ভর্তি সংক্রান্ত নোটিশ (দ্বিতীয় পর্যায়)

দ্বিতীয় পর্যায়ের প্রাথমিক ভর্তি প্রক্রিয়া আগামী ১৫/০৬/২০২৬ তারিখ হতে ১৭/০৬/২০২৬ তারিখের মধ্যে GST ওয়েবসাইট (https://gstadmission.ac.bd/)-এর মাধ্যমে নিম্নে উল্লেখিত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে।

প্রাথমিক ভর্তি ও ফি প্রদানঃ ১৫/০৬/২০২৬ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১৭/০৬/২০২৬ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত।

মূল কাগজপত্র জমাঃ কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ে মূল কাগজপত্র জমাদানে ইচ্ছুক আবেদনকারীদের ১৬/০৬/২০২৬ তারিখ হতে ১৮/০৬/২০২৬ তারিখ প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ০৩:০০টা পর্যন্ত **এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্রসমূহ (একটি A4 সাইজের খামে ভরে খামের উপর আবেদনকারীর GST রোল নম্বর লিখে খামসহ)** সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে।

প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরাকালীন নিম্নলিখিত বিষয়সমূহ সতর্কতার সাথে লক্ষণীয়:

- ✓ পছন্দক্রমে অন্তর্ভূক্ত যে কোন বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রাথমিক ভর্তির জন্য প্রথমবার নির্বাচিত হবার পরেও প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে পরবর্তীতে GST-গুচ্ছভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না। এমনকি কোটায় ভর্তির জন্যও বিবেচিত হবে না।
- ✓ প্রাথমিক ভর্তি ফি ৫০০০.০০ টাকা অনলাইনে পরিশোধের পরেও নির্ধারিত সময়ের মধ্যে মূল কাগজপত্র জমা দিতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে এবং GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।
- ✓ কোন আবেদনকারী প্রাথমিক ভর্তি বাতিল করলে পরবর্তীতে GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ থাকবে না।
- ✓ প্রাথমিক ভর্তি প্রক্রিয়া চলাকালে কোন একটি বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট বিভাগে ভর্তি থাকা অবস্থায় Stop Migration সম্পন্ন করলে পুনরায় স্বয়ংক্রিয় মাইগ্রেশন চালু করা সম্ভব নয়।

প্রাথমিক ভর্তি সংক্রান্ত তথ্যের ছক (দ্বিতীয় পর্যায়)		
ইউনিট	**কাগজপত্র জমাদানের স্থান (একাডেমিক ভবন, ১০ তলা বিল্ডিং)**	**নির্দেশনা**
A	রুম নম্বরঃ **৬০২**	আবেদনকারীকে প্রথমে এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্র/মার্কশীটসমূহ একটি A4 সাইজের খামে সংরক্ষণ করতে হবে। খামের উপর জিএসটি রোল নম্বর লিখে নির্ধারিত কক্ষে সশরীরে উপস্থিত হতে হবে। কক্ষের দায়িত্বরত শিক্ষককে **GST রোল নম্বর** সম্বলিত খামটি জমা দিয়ে সিস্টেম থেকে প্রাপ্ত এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রাপ্তি-স্বীকারপত্রের কপি সংগ্রহ করতে হবে এবং জিএসটি সিস্টেমে প্রবেশ করে প্রাথমিক ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত হতে হবে।
B	রুম নম্বরঃ **৩০১**	
C	রুম নম্বরঃ **৬০১**	

১৪/০৬/২০২৬

সদস্য সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি, জিএসটি ২০২৫-২৬
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়।